FEB. 10 2001

তারিখ ............... কলাম ....

# সারাদেশে শিক্ষকদের মানব বন্ধন ও প্রতীক অনশন পালন : এপ্রিলে ১০ দিন কর্মবিরতির ঘোষণা

যুগান্তর ডেস্ক

প্রাথমিক শিক্ষাকে সম্পূর্ণ জাতীয়করণসহ ২১ দফা দাবি নিয়ে বেসরকারি প্রাথমিক শিক্ষকগণ গতকাল সারাদেশে মানববন্ধন ও প্রতীক অনশন কর্মসূচি পালন করেছেন। এদিকে সরকারি প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধি, স্কুলের সময়সূচি পরিবর্তনসহ ১৫ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে ধর্মঘট-ঘেরাওসহ নতুন কর্মসূচি ঘোষণা করা হয়েছে।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত দেশব্যাপী মানববন্ধন ও অনশন কর্মসূচি কেন্দ্রীয়ভাবে ঢাকায় পালিত হয়। সহস্রাধিক শিক্ষকের অংশগ্রহণে মানববন্ধন গোলাপ শাহ মাজার থেকে কর্মচারী হাসপাতাল, শিক্ষাভবন, হাইকোর্ট, প্রেসক্লাব হয়ে সচিবালয়ের উত্তর গেট পর্যন্ত বিস্তৃত হয়। সকাল ১০টা থেকে ২ ঘণ্টা তারা হাতে হাত রেখে মানববন্ধন রচনা করেন। মানববন্ধন শেষে তারা জাতীয় প্রেসক্লাবের সামনে এক সমাবেশে মিলিত হন। সংগঠনের সভাপতি আবুল কালাম আজাদ তার সংক্ষিপ্ত বক্তব্যে

## সারাদেশে : অনশন পালন

(১ম পৃষ্ঠার পর)

বলেন, 'অবিলম্বে ২১ দফা সুপারিশ বাস্তবায়ন করা না হলে অচিরেই অবরোধ ও ঘেরাওসহ কঠোর কর্মসূচি দেয়া হবে। ১৬ মার্চের প্রতিনিধি অধিবেশন থেকে পরবর্তী আন্দোলন ঘোষণা করা হবে।' এদিকে সরকারি প্রাথমিক শিক্ষক সমিতি গতকাল মুক্তাঙ্গনে সমাবেশ করে নতুন কর্মসূচি ঘোষণা করেছে। ঘোষিত কর্মসূচিগুলো হচ্ছে– ১৫ ফেব্রুয়ারি উপজেলা ও জেলা শহরে সমাবেশ, ২৭ ফেব্রুয়ারি প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ, ১ থেকে ১০ এপ্রিল কর্মবিরতি পালন এবং ১৫ এপ্রিল প্রধানমন্ত্রীর কার্যালয় ঘেরাও।

মুক্তাঙ্গনে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মুহম্মদ আউয়াল তালুকদার। বক্তব্য রাখেন সুলতান আহম্মেদ, নেছার আহম্মেদ, জাহিদুর রহমান, রাবেয়া খাতুন, আবুল হোসেন, আবদুল মান্নান আকন্দ, আবদুস সালাম প্রমুখ।

**চট্টগ্রাম :** কয়েক হাজার শিক্ষক এখানকার মানববন্ধনে অংশ নেন। মানববন্ধন প্রাথমিক শিক্ষা অফিস থেকে জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত বিস্তৃত ছিল। এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় নেতা ও চট্টগ্রাম জেলা শাখার সভাপতি নূরুল আবছার, জেলা সম্পাদক আবদুল রহমান, মহানগর সভাপতি দিদারুল আলম চৌধুরী, সম্পাদক সুবল আচার্য প্রমুখ।